FBCCI
Date of Receipt 3/3 Time
Entry No. 1264 Signature

''বিনিয়োগ অগ্রাধিকার''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

ঢাকা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
গণকবাড়ী, আশুলিয়া, ঢাকা-১৩৪৯।

সূত্র: ০৩.০৬.২৬৭২.৩৩৩.১৮.০০২.২০-৭৮৫০

তারিখ: মার্চ ০২, ২০২২

**বিষয়ঃ ঢাকা ইপিজেডস্থ বন্ধ শিল্প প্রতিষ্ঠান M/s. A-One (BD) Ltd. এর ইনভেন্টরি ও মূল্য নিরূপণকৃত স্থাপনা, মেশিনারি ও অন্যান্য মালামাল উন্মুক্ত নিলামে বিক্রয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর আওতাধীন ঢাকা ইপিজেডস্থ বিদেশী (ইটালি) মালিকানাধীন বন্ধ শিল্প প্রতিষ্ঠান M/s. A-One (BD) Ltd. এর ইনভেন্টরি ও মূল্য নিরূপণকৃত স্থাপনা, মেশিনারি ও অন্যান্য মালামাল উন্মুক্ত নিলামে বিক্রয়ের লক্ষ্যে গত ১৮/০২/২০২২ তারিখে ''দৈনিক ইত্তেফাক'' ও "The Financial Express" পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য যে, প্রতিষ্ঠানটি আশুলিয়া, সাভারস্থ ঢাকা ইপিজেডে ৩.৫০ একর জমিতে অবস্থিত এবং ১৬০,০০০ বর্গফুট (প্রায়) উৎপাদন ফ্লোর বিশিষ্ট একটি ১০০% বিদেশী মালিকানাধীন সোয়েটার, কার্ডিগান এবং পুলওভার উৎপাদনকারী কমপ্লায়েন্স কারখানা ছিল। এই কারখানায় অত্যাধুনিক Jacquard Machines, বয়লার, জেনারেটর, চিলার এবং গ্যাস সংযোগ রয়েছে, যেটি উৎপাদন শুরু করার জন্য প্রস্তুত রয়েছে। নিলাম বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক যেসকল ব্যক্তি/সংস্থা/বিনিয়োগকারী শিল্প পরিচালনা করতে আগ্রহী তারা নিলামে অগ্রাধিকার পাবেন। প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তি অনুযায়ী M/s. A-One (BD) Ltd. এর টেন্ডার সিডিউল বিক্রয়, নিলাম দরপত্র দাখিল ও নিলাম দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্র/নং | বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১ | টেন্ডার সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ২২/০৩/২০২২ (অফিস চলাকালীন সময়) |
| ০২ | নিলাম দরপত্র দাখিল | ২৩/০৩/২০২২ (বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত) |
| ০৩ | নিলাম দরপত্র উন্মুক্তকরণের তারিখ | ২৪/০৩/২০২২ (সকাল ১১:০০ ঘটিকা) |

০২) এমতাবস্থায়, ঢাকা ইপিজেডস্থ বন্ধ শিল্প প্রতিষ্ঠান M/s. A-One (BD) Ltd. এর ইনভেন্টরি ও মূল্য নিরূপণকৃত স্থাপনা, মেশিনারি ও অন্যান্য মালামাল উন্মুক্ত নিলামে বিক্রয়ের বিষয়টি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর সম্মানিত সদস্যগণের সদয় অবগতি ও আগ্রহী ব্যক্তি/বিনিয়োগকারীগণের নিলামে অংশগ্রহণের সুবিধার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

02.03.2022

**(মোঃ আব্দুস সোবহান)**
নির্বাহী পরিচালক
ফোনঃ ০২৯৯৬৬৮৯০০২
ই-মেইলঃ gm.depz@bepza.gov.bd

**বিতরণঃ**
সভাপতি
দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)
এফবিসিসিআই আইকন (FBCCI Icon), ৬০, মতিঝিল বা/এ
ঢাকা।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

website

FBCCI SG's Office
☐ Pl. Take necessary action
☐ Pl. put up ☐ Pl. discuss
Date: 3/3/22 Signature